



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ৭-৩-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

বিশ্বব্যাংকের প্রতিনিধির সাথে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মতবিনিময়

৬-৩-২০১৭ তারিখ সন্ধ্যায় বাংলাদেশের উচ্চ শিক্ষার ওপর পদ্ধতিগত জরিপের অংশ হিসেবে বিশ্বব্যাংকের শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ মি. কোন্ গেভেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। উক্ত মতবিনিময় সভায় উপাচার্য বাংলাদেশের উচ্চশিক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভূমিকার বিস্তারিত বর্ণনা দিয়ে বলেন, এদেশের উচ্চশিক্ষার ক্ষেত্রে ৭০ ভাগ শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে শিক্ষা গ্রহণ করছে। কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে 'কলেজ শিক্ষার উন্নয়ন প্রকল্প' শীর্ষক একটি প্রোগ্রাম সম্প্রতি গ্রহণ করা হয়েছে। এর আওতায় ১৬ হাজার কলেজ শিক্ষককে দেশে এবং বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করাসহ ১২২টি অনার্স ও মাস্টার্স কলেজের একাডেমিক সক্ষমতা উন্নয়ন করা হবে। উপাচার্য অধিভুক্ত কলেজগুলোর পরিচালনা সংক্রান্ত বিষয়ে বিশ্বব্যাংকের প্রতিনিধিকে অবহিত করেন। বিশ্বব্যাংকের প্রতিনিধি উচ্চ শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের জরিপের প্রয়োজনে পরবর্তীতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতাদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতি অনুরোধ জানান। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ বিষয়ে সহযোগিতার আশ্বাস দেন।

সভায় অন্যান্যদের মধ্যে উপ-উপাচার্য প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ডিন প্রফেসর ড. মো. আনোয়ার হোসেন, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব বদরুজ্জামান, কলেজ পরিদর্শক প্রফেসর ড. মোঃ শামসুদ্দীন ইলিয়াস, তথ্য প্রযুক্তি দপ্তরের পরিচালক জনাব মোঃ মুমিনুল ইসলাম ও পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের উপ-পরিচালক জনাব সুমন চক্রবর্তী উপস্থিত ছিলেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়